# বার্ষিক মূল্যায়ন-২০২৪
## বিষয়: ডিজিটাল প্রযুক্তি
## শ্রেণি: ষষ্ঠ

**(ক) প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ:**

১. এনসিটিবি কর্তৃক নির্ধারিত **পাঠ্যক্রম/সিলেবাসের মধ্য থেকে বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।**
২. ঘ-বিভাগে (প্রেক্ষাপট/দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্ন) নমুনা হিসেবে প্রদত্ত প্রশ্ন হুবহু বার্ষিক পরীক্ষায় ব্যবহার করা যাবে না। তবে একই বিষয়বস্তু (Content) নিয়ে নতুন প্রেক্ষাপট/দৃশ্যপট তৈরি করে প্রশ্ন প্রণয়ন করা যেতে পারে।
৩. প্রতিটি প্রশ্ন (বিশেষ করে গ-বিভাগ ও ঘ-বিভাগ) প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নের নম্বর বিভাজন বিবেচনা করতে হবে। নিশ্চিত হতে হবে প্রশ্নের নম্বর বিভাজন অনুসারে শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ আছে কি না।
৪. কোন প্রশ্নের উপস্থাপনা (প্রশ্ন অথবা দৃশ্যপট) এমন হবে না যার মাধ্যমে সমাজ বা রাষ্ট্রে নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে।

**(খ) ষষ্ঠ শ্রেণির বার্ষিক পরীক্ষার জন্য পাঠ্যক্রম/সিলেবাস**

| অভিজ্ঞতা নং | অভিজ্ঞতার শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ৩ | আমাদের বিদ্যালয় পত্রিকা | ২৩ থেকে ৩৮ |
| ৪ | তথ্য ঝুঁকি মোকাবেলায় মানববন্ধন | ৩৯ থেকে ৫৬ |
| ৫ | বন্ধুর সাথে ভ্রমণ পরিকল্পনা | ৫৭ থেকে ৭৫ |
| ৬ | শিখনের জন্য নেটওয়ার্কিং | ৭৬ থেকে ৯৮ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| কাজের ধরন (Types of Activities) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work):** (যেমন- তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ঝুঁকিতে পড়েছেন এমন ২ জন ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণ করে তাদের অভিজ্ঞতা বিষয়ে একটি প্রতিবেদন তৈরি) | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (Investigative work, Project proposal, Report presentation):** (যেমন- সম্প্রতি তোমার পরিচিত ২ জন ব্যক্তি মোবাইলে অর্থ লেনদেনের ক্ষেত্রে প্রতারণার শিকার হয়েছেন। তাদের প্রতারণার শিকার হওয়ার কারণ অনুসন্ধান করে একটি প্রতিবেদন তৈরি কর।) | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন):** (যেমন- তোমার বাড়ি থেকে বিদ্যালয়ে আসার কাজ/ধাপগুলো (পাঠ্য বইয়ের ছক-পৃষ্ঠা-৬১) প্রবাহচিত্রের মাধ্যমে প্রকাশ কর। | ১০ |
| মোট | ৩০ |
| বি:দ্র: কাজের নমুনা হিসেবে প্রদত্ত উদাহরণসমূহের বাইরে অন্যভাবে কাজ দেওয়া যেতে পারে। এগুলো নমুনা মাত্র। ভিন্ন ভিন্ন প্রেক্ষাপটে শিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন কাজ প্রদান করা যেতে পারে। | |

**(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন (অভীক্ষার ধরন: লিখিত)**

| ক্রম | আইটেমের ধরন | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | ১০০ | |

## (চ) সামষ্টিক মূল্যায়ন কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না

**২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন**
**বিষয়: ডিজিটাল প্রযুক্তি**
**শ্রেণি: ষষ্ঠ**

**সময়: ৩ ঘন্টা** **পূর্ণমান: ১০০**

### ক-বিভাগ

### নৈর্ব্যক্তিক অংশ (বহুনির্বাচনি প্রশ্ন ও এককথায় উত্তর)

[দ্রষ্টব্য: সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ (প্রশ্ন নং ১-১৫), প্রতিটি প্রশ্নের মান ১] ১ × ১৫= ১৫

১। রাউটার থেকে পাঠানো ঠিকানা প্রথমে দেখে-
ক) সার্ভার খ) মোবাইল ফোন গ) ই-মেইল
ঘ) কোনটাই নয়

২। নিচের কোন ধারণাটি একজন বিজ্ঞানীকে তাঁর আবিস্কারের স্বীকৃতি ও অর্থ প্রাপ্তি নিশ্চিত করে?
ক) উত্তরাধিকার আইন খ) সাইবার নিরাপত্তা
গ) কপিরাইট ঘ) পেটেন্ট

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও**

আহসান সাহেব একজন গ্রাফিক্স ডিজাইনার। তিনি রেডিয়েন্ট নামক একটি কসমেটিক কোম্পানির জন্য লোগো তৈরি করেছেন। আগামী ১ জানুয়ারী ২০২৫ থেকে এ লোগোটির ব্যবহার শুরু হবে।

৩। আহসান সাহেবের তৈরি লোগোটি কোন ধরনের বুদ্ধিবৃত্তিক সম্পদের সাথে সম্পর্কিত?
ক) সাহিত্য ও শিল্পকর্ম খ) ভৌগোলিক সম্পদ
গ) ইন্ডাস্ট্রিয়াল প্রোপার্টি ঘ) বৈজ্ঞানিক আবিষ্কার

৪। অনুচ্ছেদটির তথ্য অনুসারে নিচের কোন বক্তব্যটি সঠিক?
ক) বর্তমানে লোগোটি একটি বুদ্ধিবৃত্তিক সম্পদ হিসেবে বিবেচিত হবে
খ) লোগোটির ব্যবহার শুরু হলে এটি বুদ্ধিবৃত্তিক সম্পদ হিসেবে বিবেচিত হবে
গ) লোগোটির স্বত্বাধিকারী কসমেটিক কোম্পানি
ঘ) লোগো কখনও বুদ্ধিবৃত্তিক সম্পদ হয় না

৫। তথ্য আদান-প্রদানের ঝুঁকি প্রধানত কত প্রকার?
ক) ৩ প্রকার খ) ২ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

৬। ডিজিটাল নিরাপত্তা আইন কত সালে চালু করা হয়?
ক) ২০০৯ সালের খ) ২০০৬ সালের
গ) ২০১৩ সালের ঘ) ২০১৮ সালের

৭। নিচের কোনটি আইপি অ্যাড্রেস?
ক) abc@gmail.com
খ) post: uttara, Dist: Dhaka
গ) ১২৩.২১৬.৭.৮৯
ঘ) www.bangladesh.com

৮। নন ডিজিটাল পদ্ধতিতে চিঠি আদান-প্রদানের মাধ্যম যদি 'ডাকঘর' হয়, তবে ডিজিটাল মাধ্যমে হবে-
ক) ই-মেইল খ) কম্পিউটার
গ) মোবাইল টাওয়ার ঘ) রাউটার

৯। শিক্ষার্থীরা বিদ্যালয়ে যে তথ্য প্রদান করে সেগুলো কোন ধরনের তথ্য?
ক) প্রাতিষ্ঠানিক তথ্য খ)পারিবারিক তথ্য
গ) ব্যক্তিগত তথ্য ঘ) কোনটাই নয়

১০। কম্পিউটার প্রোগ্রামিং এ তীর চিহ্ন দিয়ে কী প্রকাশ করা হয়?
ক) গ্রাফচিত্র খ) প্রবাহচিত্র
গ) স্থিরচিত্র ঘ) ভিডিওচিত্র

১১। কম্পিউটার প্রোগ্রামিংএ ফ্লোচার্ট আরম্ভ করতে কী লিখতে হয়?
ক) হ্যাঁ/ না খ) না
গ) শুরু ঘ) হ্যাঁ

১২। ব্যক্তিগত তথ্য যখন একজন মানুষের ঝুঁকি বা বিপদের কারন হয়ে দাঁড়ায় তখন ঐ তথ্যগুলোকে-
ক) প্রকাশ করতে হয় খ) উন্মুক্ত রাখতে হয়
গ) গোপন রাখতে হয় ঘ) কোনটিই নয়

১৩। কোনটি ডিজিটাল মাধ্যম নয়-
ক) মোবাইল ফোন খ) পোস্ট অফিস
গ) অনলাইন পত্রিকা ঘ) ইউটিউব

১৪। তথ্য আদান-প্রদানে আমরা সবচেয়ে বেশি ব্যবহার করি কোন মাধ্যম?
ক) মুখের ভাষা বা ইশারা খ)লিখিত ভাষা
গ) মেসেঞ্জার ঘ) সংকেত

১৫। নিচের কোনটি বৈজ্ঞানিক উদ্ভাবন?
ক) বই খ) লোগো
গ) করোনার টিকা ঘ) গান

**এককথায় উত্তর দাও: (সরবরাহকৃত উত্তরপত্রে প্রশ্নের উত্তর লেখ) (প্রশ্ন নং ১৬-২৫, প্রতিটি প্রশ্নের মান ১)**

১৬। অন্যের জিনিস ব্যবহার করতে হলে আমাদের কী করা প্রয়োজন?
১৭। বুদ্ধিবৃত্তিক সম্পদের মালিককে কী বলে?
১৮। একজন ব্যক্তির বয়স কোন ধরনের তথ্য?
১৯। তথ্য আদান প্রদানের ক্ষেত্রে চিঠি কোন ধরনের মাধ্যম?
২০। কোন মাধ্যমে তথ্য আদান প্রদানের ঝুঁকি বেশি?
২১। ধাপে ধাপে কাজ করার বিষয়টিকে কম্পিউটারের ভাষায় কী বলে?
২২। যোগাযোগ নেটওয়ার্ক কত প্রকার?
২৩। সব ডিজিটাল ডিভাইসে একটি সংখ্যাসূচক ঠিকানা থাকে, এটিকে কী বলে?
২৪। যার নিকট ই-মেইল পাঠানো হয় তাকে কী বলে?
২৫। সবচেয়ে দ্রুতগতিতে তথ্য আদান-প্রদান করা যায় কোন তারের মাধ্যমে?

## খ-বিভাগ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**(সকল প্রশ্নের উত্তর দাও)** **২×১০ =২০**

১। কপিরাইট ও পেটেন্টের মধ্যে পার্থক্য কী?

২। বুদ্ধিবৃত্তিক সম্পদ কাকে বলে? একটি উদাহরণ দাও।

৩। অপটিক্যাল ফাইবার কী? একটি বৈশিষ্ট্য লিখ।

৪। কৃত্রিম উপগ্রহের দুটি কাজ লিখ।

৫। সার্ভার কী?

৬। ফ্লোচার্ট বলতে কী বোঝায়?

৭। রাউটারের দুটি কাজ লিখ?

৮। কপিরাইট কাকে বলে?

৯। ব্যক্তিগত তথ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

১০। তথ্য আদান-প্রদানে দুটি ডিজিটাল প্লাটফর্মের নাম লিখ।

## গ-বিভাগ

### রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

**(৫টি থেকে যেকোন ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, নিম্নে ৩টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)**

**৫×৩= ১৫**

১। বন্যাদুর্গত এলাকার জন্য তুমি ত্রাণ বিতরণের উদ্যোগ নিতে চাও। ত্রাণ সংগ্রহের পরিকল্পনা, ব্যববস্থাপনা, ত্রাণ সংগ্রহ ও বিতরণের একটি নন-ডিজিটাল নেটওয়ার্ক তৈরি করো।

২। তথ্য আদান-প্রদানে উদ্ভব হতে পারে এমন ২টি ঝুঁকির নাম লিখ এবং এসব ঝুঁকি থেকে পরিত্রাণের উপায় লিখ।

৩। ডিজিটাল মাধ্যমে প্রেরক ও প্রাপকের মধ্যে তথ্য আদান-প্রদান প্রক্রিয়াটি বর্ণনা কর।

## ঘ-বিভাগ

### (দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্ন)

**(৭টি থেকে যেকোন ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, নিম্নে ৫টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)** **৮×৫=৪০**

[প্রদত্ত দৃশ্যপটসমূহ মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।]

১। ববি অনেক দিন থেকে একটি কবিতার বই প্রকাশ করতে চান। অনেক মেধা ও শ্রম দিয়ে অবশেষে তিনি ‘হিমেল হাওয়া’ নামক একটি কবিতার বইয়ের পান্ডুলিপি তৈরি করেন। পরবর্তীতে পান্ডুলিপি সরকারের দফতরে জমা দিয়ে এটির নিবন্ধন গ্রহণ করেন। তিনি ভালো একজন প্রকাশকের মাধ্যমে এটি প্রকাশ করার চিন্তা করছেন। সুমন নামে তার এক দুর সম্পর্কের আত্মীয় ববির বাড়িতে বেড়াতে আসে। সুমন গোপনে ‘হিমেল হাওয়া’ বইটির পান্ডুলিপির একটি কপি সংগ্রহ করে তার নিজ নামে প্রকাশ করে। ববি এ বিষয়ে কী পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে পরামর্শ গ্রহণ করার জন্য তাঁর এক আইনজীবী বন্ধু কাছে যায়।

ক. অনুচ্ছেদে উল্লিখিত ‘হিমেল হাওয়া’ নামক বইটির স্বত্বাধিকারী কে? পাঠ্য বইয়ের ধারণার আলোকে ব্যাখ্যা কর। ৩
খ. সুমনের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের সুযোগ আছে কি? পাঠ্য বইয়ের ধারণার ভিত্তিতে তোমার মতামত দাও। ৫

২। শীতকালীন ছুটিতে আবির তার বাবা-মা'র সাথে ঢাকা থেকে কক্সবাজার বেড়াতে গিয়েছিল। কক্সবাজার যাওয়ার আগে আবিরের বাবা ঘরে বসেই ঢাকা থেকে চট্টগ্রাম যাওয়ার ট্রেনের টিকেট, চট্টগ্রাম থেকে কক্সবাজার যাওয়ার বাসের টিকেট এবং কক্সবাজার থেকে সেন্টমার্টিন যাওয়ার জন্য অত্যাধুনিক নৌ-যানের টিকেট নিশ্চিত করেছিলেন। এছাড়া কক্সবাজার ও সেন্টমার্টিনে থাকার জন্য হোটেলের টিকেটও অগ্রীম করে নিয়েছিলেন ঘরে বসেই। আবির নিজেই তাদের ভ্রমণকালীন আবহাওয়া কেমন থাকতে পারে জেনে নিয়েছিল।

ক) চিত্র এঁকে আবিরের ভ্রমণের একটি যোগাযোগ নেটওয়ার্ক অঙ্কন করো। ৩
খ) তুমি কি মনে করো, এই ভ্রমণ পরিকল্পনার সময় যেসব ডিজিটাল মাধ্যম ব্যবহার করা হয়েছে সেই মাধ্যমগুলো আমাদের জীবনযাপনকে গতিশীল ও নির্ঝঞ্ঝাট করেছে? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ করো। ৫

৩। আজ আসিফের জন্মদিন। বাড়িতে সবার সাথে আনন্দমুখর পরিবেশে তার জন্মদিনের সন্ধ্যাটি কেটেছে। আসিফের ছোট চাচা থাকেন মার্কিন যুক্তরাষ্ট্রে। রাতে আসিফের বাবা ল্যাপটপ খুলে দেখালো তার চাচা তাকে জন্মদিন উপলক্ষে শুভেচ্ছাবার্তা পাঠিয়েছেন। সেই বার্তার নিচে যুক্ত (Attached) করে দিয়েছেন আসিফের শিশু বয়সের দুটি ছবি।

ক) আসিফের চাচা শুভেচ্ছাবার্তাটি পাঠাতে তথ্য আদান প্রদানের কোন মাধ্যম ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

খ) "শুভেচ্ছা বার্তাটি প্রেরক থেকে প্রাপক পর্যন্ত পৌঁছাতে অনেকগুলো ধাপ পেরিয়ে এসেছে"- উক্তিটি বিশ্লেষণ করো। ৫

৪। তোমার বাসা থেকে চিড়িয়াখানা যাওয়ার সকল প্রকার ব্যবস্থা সম্পর্কে তোমার জানা আছে। তোমার মামাতো ভাই রথিন চিড়িয়াখানা দেখতে যাবে কিন্তু তুমি সাথে যেতে পারছো না। এমতাবস্থায় তুমি বললে প্রথমে বাসা থেকে পায়ে হেঁটে গলির মোড় পর্যন্ত যেতে হবে। তারপর রিকসা নিয়ে বাসস্ট্যান্ডে যেতে হবে। বাসস্ট্যান্ডে থেকে বাসে উঠে চিড়িয়াখানায় যাওয়া যাবে।

ক. অনুচ্ছেদে বর্ণিত তথ্যের আলোকে তোমার বাসা থেকে চিড়িয়াখানায় যাওয়ার একটি ফ্লোচার্ট তৈরি কর। ৩

খ. বাসস্ট্যান্ডে বাস না পেলে অটোরিকশায় যেতে হবে। পরিবর্তিত পরিস্থিতিতে বাসা থেকে চিড়িয়াখানায় যাওয়ার একটি ফ্লোচার্ট তৈরি কর। ৫

৫। আবির সাহেব তাঁর পরিবার নিয়ে কুয়াকাটা সমুদ্র সৈকতে বেড়াতে গিয়েছেন। বিভিন্ন দর্শনীয় স্থানের স্মৃতি ধরে রাখতে তিনি স্থানীয় একজন পেশাদার চিত্রগ্রাহক বা ফটোগ্রাফারকে ছবি তোলার দায়িত্ব প্রদান করেন। ফটোগ্রাফার তার ক্যামেরায় তোলা ছবিগুলো আবির সাহেবকে পেনড্রাইভে দিয়ে যান। ছবিগুলো অত্যন্ত ভালো হয়েছে। পরেরদিন আবির সাহেব দেখলেন, উক্ত ফটোগ্রাফার সৈকতে লাগোয়া একটি দোকানের সামনে তাদের (আবির সাহেব) পরিবারের কিছু ছবি টানিয়ে রেখেছেন। ফটোগ্রাফারকে এর কারণ জিজ্ঞেস করলে ফটোগ্রাফার বলেন, ছবিগুলো খুবই সুন্দর হয়েছে। তাই অন্য পর্যটকদের আকৃষ্ট করতে ছবিগুলো এখানে রেখেছি।

ক. আবির সাহেবের ক্ষেত্রে তথ্য আদান-প্রদানের কোন বিষয়টি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

খ. আবির সাহেব চিত্রগ্রাহক বা ফটোগ্রাফারের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন কি? 'ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে তোমার মতামত দাও। ৫

## (ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

| বহুনির্বাচনি প্রশ্ন | | | | | | এক কথায় উত্তর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | উত্তর | ক্রমিক | উত্তর | ক্রমিক | উত্তর | ক্রমিক | উত্তর | ক্রমিক | উত্তর |
| ১ | ক | ৬ | ঘ | ১১ | গ | ১৬ | অনুমতি প্রয়োজন | ২১ | অ্যালগরিদম |
| ২ | ঘ | ৭ | গ | ১২ | গ | ১৭ | স্বত্বাধিকারী | ২২ | দুই প্রকার |
| ৩ | গ | ৮ | ক | ১৩ | খ | ১৮ | ব্যক্তিগত তথ্য | ২৩ | আইপি অ্যাড্রেস |
| ৪ | খ | ৯ | গ | ১৪ | ক | ১৯ | সাধারণ মাধ্যম | ২৪ | প্রাপক/রিসিভার |
| ৫ | খ | ১০ | খ | ১৫ | গ | ২০ | মুখের ভাষা | ২৫ | অপটিক্যাল ফাইবার |

## (জ) রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রশ্নের রুব্রিক্স ও মডেল উত্তর

## দৃশ্যপট/পেক্ষাপট নির্ভর (রচনামূলক প্রশ্ন)

১. ববি অনেক দিন থেকে একটি কবিতার বই প্রকাশ করতে চান। অনেক মেধা ও শ্রম দিয়ে অবশেষে তিনি 'হিমেল হাওয়া' নামক একটি কবিতার বইয়ের পান্ডুলিপি তৈরি করেন। পরবর্তীতে তিনি পান্ডুলিপি সরকারের দফতরে জমা দিয়ে এটির নিবন্ধন গ্রহণ করেন। তিনি ভালো একজন প্রকাশকের মাধ্যমে এটি প্রকাশ করার চিন্তা করছেন। সুমন নামে তার এক দুর সম্পর্কের আত্মীয় ববির বাড়িতে বেড়াতে আসে। সুমন গোপনে 'হিমেল হাওয়া' বইটির পান্ডুলিপির একটি কপি সংগ্রহ করে তার নিজ নামে প্রকাশ করে। ববি এ বিষয়ে কী পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে পরামর্শ গ্রহণ করার জন্য তাঁর এক আইনজীবী বন্ধুর কাছে যায়।

ক. অনুচ্ছেদে উল্লিখিত 'হিমেল হাওয়া' নামক কবিতার বইটির স্বত্বাধিকারী কে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

খ. সুমনের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের সুযোগ আছে কি? পাঠ্য বইয়ের ধারণার ভিত্তিতে তোমার মতামত দাও। ৫

### মূল্যায়ন রুব্রিক্স [প্রশ্ন নং ১ (ক)]

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ১ (ক) | ৩ | ববিকে 'হিমেল হাওয়া' নামক কবিতার বইটির স্বত্বাধিকারী হিসেবে চিহ্নিত করে বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকার ধারণা অথবা কপিরাইট ধারণার আলোকে তার উত্তরের পক্ষে যুক্তি দিতে পারলে। |
| | ২ | ববিকে 'হিমেল হাওয়া' নামক কবিতার বইটির স্বত্বাধিকারী হিসেবে চিহ্নিত করে বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকার ধারণাকে সংজ্ঞায়িত করলে। |
| | ১ | ববিকে 'হিমেল হাওয়া' নামক কবিতার বইটির স্বত্বাধিকারী হিসেবে উল্লেখ করলে। |
| | ০ | ভুল/অগ্রহণযোগ্য কোনো উত্তর লিখলে। |

**মূল্যায়ন রুব্রিক্স [প্রশ্ন নং ১ (খ)]**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ১ (খ) | ৫ | বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারীর অনুমতি গ্রহণ না করে বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহার করলে কী হতে পারে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করে অনুচ্ছেদে সুমনের কর্মকান্ডের সাথে মিলিয়ে দিতে পারলে এবং সুমন অপরাধ করেছে সে বিষটি উল্লেখ করে সুমনের বিরুদ্ধে যে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যায় তার সিদ্ধান্ত প্রদান করতে পারলে। |
| | ৪ | বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারীর অনুমতি গ্রহণ না করে বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহার করলে কী হতে পারে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করে অনুচ্ছেদে সুমনের কর্মকান্ডের সাথে মিলিয়ে দিতে পারলে এবং সুমন অপরাধ করেছে সে বিষটি উল্লেখ করলে। এর মাধ্যমে সুমনের বিরুদ্ধে যে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যায় তার সিদ্ধান্ত প্রদান করতে পারলে। |
| | ৩ | বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারীর অনুমতি গ্রহণ না করে বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহার করলে কী হতে পারে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করে অনুচ্ছেদে সুমনের কর্মকান্ডের সাথে মিলিয়ে দিতে পারলে। |
| | ২ | বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারীর অনুমতি গ্রহণ না করে বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহার করলে কী হতে পারে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করলে। |
| | ১ | সুমনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়ে হ্যাঁ বোধক মন্তব্য করলে। |
| | ০ | ভুল/অগ্রহণযোগ্য কোনো উত্তর লিখলে। |